



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী রোড, এভিনিউ, ব্লক-কে
বারিধারা, ঢাকা-১২১২।

স্মারক নং-০২/লিগ্যাল এন্ড মিডিয়া/এটিইউ

তারিখঃ ২৩ মে ২০১৯ ইং

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৩ মে ২০১৯ ইং তারিখ বাংলাদেশ পুলিশের এন্টি টেররিজম ইউনিটের একটি বিশেষ দল নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিবুত তাহরীর বাংলাদেশ এর ঢাকা মহানগর-পূর্ব শাখার দাওয়াহ্ বিভাগের প্রধান ও মিডিয়া শাখার অন্যতম সদস্য জাহিদুল ইসলাম ৩ জাহিদ (৩৭) কে উত্তর যাত্রাবাড়ীর বিবির বাগিচা ১নং গেইট থেকে আটক করে।

গ্রেফতারকৃত জাহিদ দেশে ইসলামী শরিয়াহুভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠায় বিভিন্ন শ্রেণী পেশার মানুষকে দাওয়াতী কার্যক্রমের মাধ্যমে উদ্বুদ্ধ করে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির অপচেষ্টা ও সরকার বিরোধী ষড়যন্ত্রে লিপ্ত ছিল। ইতোপূর্বে দক্ষিণ কেরাণীগঞ্জের শুভাদ্যা এলাকা থেকে গ্রেফতার হওয়া এবং কেরাণীগঞ্জ মডেল থানায় দায়েরকৃত মামলা নং-১৬ তাং ০৯/০৫/২০১৯ ইং, সন্ত্রাসবিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর এজাহার নামীয় আসামী হিবুত তাহরীর এর সক্রিয় সদস্য এবং আইটি বিশেষজ্ঞ রিয়াজ উদ্দীন সিপাই এর ১৬৪ ধারার স্বীকারোক্তিমূলক জবানবন্দি থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এন্টি টেররিজম ইউনিট নিজস্ব গোয়েন্দা নজরদারী ও তথ্য প্রযুক্তি ব্যবহার করে জাহিদুল ইসলামকে গ্রেফতার করতে সক্ষম হয়। আটককৃত জাহিদ ২০০৫ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগ হতে অনার্স পাশ করে। জাহিদ ২০০৯ সালে মাস্টারমাইন্ড ইংলিশ মিডিয়াম স্কুলের উত্তরা ও ধানমন্ডি শাখায় এবং ২০১৪ থেকে ২০১৫ সালে ম্যাপল লীফ ইন্টারন্যাশনাল স্কুলে শিক্ষকতা করেছে। বর্তমানে জাহিদ যাত্রাবাড়ীতে অবস্থিত আলফ্রেড ইংলিশ মিডিয়াম স্কুল এন্ড কলেজে কর্মরত আছে। আটককৃত জাহিদ বুয়েটে অধ্যয়নকালে ২০০৫ সালে হিবুত তাহরীর এর সাথে সাংগঠনিকভাবে যুক্ত হয়। পরবর্তীতে জাহিদ প্রকাশ্যে এবং ২০০৯ সালের ১৫ অক্টোবর হিবুত তাহরীর নিষিদ্ধ ঘোষিত হবার পর গোপনে দাওয়াত ও সদস্য সংগ্রহ অব্যাহত রাখে। বিগত ১৫ বছর ধরে জাহিদ রাজধানীর নানা এলাকায় হিবুত তাহরীর এর দাওয়াতি কার্যক্রম পরিচালনা করে যাচ্ছিল। বর্তমান সরকারকে অপসারণ করে বাংলাদেশে খিলাফাতে রাশেদীন প্রতিষ্ঠা করার জন্য জাহিদ বিভিন্ন জায়গায় হিবুত তাহরীর সদস্যদের নিয়ে নিয়মিত গোপনীয় বৈঠক কার্যক্রম পরিচালনা করত। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে বিপুল পরিমাণে সরকার বিরোধী লিফলেট, পোস্টার, ০১টি ল্যাপটপ, ০৪টি মোবাইল ফোন, প্রচুর সংখ্যক উগ্রপন্থি বই এবং পুস্তিকা উদ্ধার করে জব্দ করেছে। দেশে অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টির অপচেষ্টা ও খেলাফত প্রতিষ্ঠার জন্য সরকার বিরোধী ষড়যন্ত্র করায় জাহিদুল ইসলাম ৩ জাহিদের বিরুদ্ধে উপরিউক্ত মামলায় আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

(মোঃ মাহিদুজ্জামান)

পুলিশ সুপার

(লিগ্যাল এন্ড মিডিয়া)

এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।